## ফিজিতে গণতান্ত্রিক নির্বাচনে ভারতের সহযোগিতার প্রতিজ্ঞা

আগামী ১৭ সেপ্টেম্বর ২০১৪ ফিজিতে অনুষ্ঠিতব্য গণতান্ত্রিক নির্বাচনে সহযোগিতা করার জন্য  ভারত দশটি গাড়ি দেওয়ার বিষয়ে প্রতিজ্ঞাবদ্ধ। এছাড়া ভারত নির্বাচনে ব্যবহৃত অমোচনীয় কালি সরবরাহ করবে এবং নির্বাচনী ও সংসদীয় কর্মকর্তাদের প্রশিক্ষণ দেবে। হাইকমিশনার বিনোদ কুমার ১৬ জুন ২০১৪ অ্যাটর্নি জেনারেল ও নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী আইয়াজ সইদ-খাইয়ুম-এর উপস্থিতিতে ফিজির নির্বাচনী অফিসে আটটি মাহিন্দ্রা গাড়ি তুলে দেন। অবশিষ্ট দুটি গাড়ি ভারত থেকে আগামী কয়েক সপ্তাহের মধ্যে পৌঁছে যাবে। অ্যাটর্নি জেনারেল এবং নির্বাচনের পরিদর্শক মহম্মদ সানিম গাড়িগুলি প্রদান করার জন্য  এবং ফিজিতে "প্রথম প্রকৃত গণতান্ত্রিক নির্বাচনে" সহযোগিতা  করার জন্য ভারত সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তাঁরা বলেন,গাড়িগুলি অবিলম্বে ভোটারদের মধ্যে সচেতনা বৃদ্ধির জন্য ব্যবহৃত হবে। আজই সেই অনুষ্ঠান সুরূ হয়।

**নয়াদিল্লি**

**১৬ জুন ২০১৪**